নম্বর 202.45

<u>নির্বাহী আদেশ</u>

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি – স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন, অতএব, আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর 29-a ধারার অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্যপালনের কর্তৃত্বের দ্বারা যে কোনও সংস্থার কোনও আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি রাজ্যের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময়, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাধা দেয় বা বিলম্ব করায় বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগীতা করার প্রয়োজন হলে, আমি এতদ্বারা কার্যনির্বাহী আদেশ 202.34 এবং 202.35 এর যে কোন নির্দেশ প্রসারিত করছি এই শর্তে যে সেই নির্দেশটি একটি পরবর্তী নির্দেশ দ্বারা অতিক্রম করা হয়নি, এবং তদপরন্তু, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 26 জুলাই 2020 অবধি নিম্নলিখিতগুলি সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করছি:

- শ্রম আইনের (Labor Law) সেকশন 581 এর সাবডিভিশন 1 এর অনুচ্ছেদ (e) , সেই পরিসর অবধি যা প্রয়োজন শ্রম কমিশনারকে ফ্যামিলি ফার্স্ট করোনাভাইরাস রেসপন্স অ্যাক্ট (Families First Coronavirus Response Act) কর্তৃক অনুমোদিত অভিজ্ঞতা রেটিং চার্জ সংক্রান্ত একটি অনুসন্ধান জারি করার জন্য প্রয়োজনীয় অনুমোদন এবং বেনিফিট যা শুরু হবে সপ্তাহ 9 মার্চ, 2020 থেকে;

- 2020 সালের আইনের অধ্যায় 25 এর অনুচ্ছেদ 1 এর শাখা 4 প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করা হয়েছে, যার অধীনে যে দেশের জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের দ্বিতীয় বা তৃতীয় স্তরের ভ্রমণ স্বাস্থ্য বিজ্ঞপ্তি জারি করেছে, সেখানে ভ্রমণ ছাড়াও, একজন কর্মী সবেতন অসুস্থ ছুটির সুবিধা বা এই অধ্যায়ের অন্য কোনো বেতন ভাতা পাবেন না যদি 2020 সালে 25 শে জুনের পর তিনি এমন কোনো রাজ্যে ভ্রমণ করেন যেখানে প্রতি 100,000 বাসিন্দার মধ্যে 10 টির বেশি ইতিবাচক পরীক্ষার হার রয়েছে, অথবা সাত দিনের গড়ে, 10% পরীক্ষার ইতিবাচক হার, এবং যে স্থান এই শর্তগুলি পূরণ করে বলে বিভাগের কমিশনার নির্ধারিত করেছেন যেমন নির্বাহী আদেশ 205 অনুযায়ী জারি করা উপদেষ্টায় উল্লিখিত রয়েছে, এবং যদি সেই ভ্রমণ কর্মীর কাজ সম্পর্কিত না হয় বা নিয়োগকর্তার নির্দেশ অনুযায়ী না হয়ে থাকে;

- বাফেলো শহরের সনদের সেকশন 28-66, সেই পরিসর অবধি পরিবর্তন করা যা মেয়রকে এপ্রিল, মে এবং জুন 2020 মাসের জন্য বকেয়া 2019-2020 সালের নগর করের উপর নির্ধারিত সংযোজন মাফ করার

অনুমতি দেয়, এবং 2019-2020 সালের নগর কর পরিশোধ করা আবশ্যক করে যা জুন 30, 2020-র পরে পরিশোধ করা হয় তা 2020-র এপ্রিল, মে জুনের অতিরিক্ত কর ছাড়া করা যাবে;

উপরন্তু, ভূসম্পত্তি কর আইন (Real Property Tax Law)-এর সেকশন 925-a দ্বারা আমার উপর অর্পিত ক্ষমতা বলে আক্রান্ত কাউন্টি, সিটি, টাউন, ভিলেজ বা স্কুল ডিস্ট্রিক্ট অঞ্চলের প্রধান নির্বাহী অফিসারের অনুরোধে সুদ বা জরিমানা ছাড়া সম্পত্তি কর পরিশোধের স্টেটের দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থার কাল বৃদ্ধির অনুরোধে, আমি সুদ বা জরিমানা ছাড়া সম্পতি কর পরিশোধের সময়কাল একুশ দিন বাড়ালাম, নিচের অঞ্চলগুলো যাদের ট্যাক্স পরিশোধ এখনো বাকি আছে এবং যাদের পক্ষে অনুরোধ করা হয়েছে তারা এই সময় বৃদ্ধির আওতায় পড়বে: ওয়েস্টচেস্টার কাউন্টির ওসিং গ্রাম; রকল্যান্ড কাউন্টির পোমোনা গ্রাম;

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুচ্ছেদ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 26 জুলাই 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- নির্বাহী আদেশ 202.35 এর অন্তর্ভুক্ত নির্দেশিকা, যেমন নির্বাহী আদেশ 202.38 দ্বারা বর্ধিত এবং সংশোধিত, এবং নির্বাহী আদেশ 202.42, যা নির্বাহী আদেশ 202.10 এর নির্দেশিকা সংশোধন করেছে, যা সকল অনাবশ্যক সমাবেশকে সীমাবদ্ধ করেছে, এতদ্বারা আরো সংশোধন করা হয় পঞ্চাশ (50) জন বা তার কম ব্যক্তিদের সমাবেশের অনুমতি দেওয়ার জন্য, যে কোনো বৈধ উদ্দেশ্য বা কারণে, যদি অভ্যন্তরীন স্থানে ঘটা এই ধরনের সমাবেশ অভ্যন্তরীন অঞ্চলের ধারণক্ষমতার 50% অতিক্রম না করে, এবং যদি সমাবেশের অবস্থান এমন একটি অঞ্চলে হয় যা রাজ্যের রিওপেনিং এর পর্যায় 4 এ পৌঁছেগেছে, এবং যদি স্বাস্থ্য বিভাগ (Department of Health) এর প্রয়োজনীয় সামাজিক দূরত্ব, মুখের আবরণ এবং পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের প্রোটোকল যথাযথভাবে পালন করা হয়।

- নির্বাহী আদেশ 202.41, যা নির্বাহী আদেশ 202.3, 202.4, 202.5, 202.6, 202.7, 202.8, 202.10, 202.11, 202.13, 202.14, 202.28, 202.31, 202.34, এবং 202.35 গুলিকে প্রসারিত করেছে যার প্রতিটি সরকারী বা বেসরকারি ব্যবসা বা স্থান বন্ধ বা অন্যথায় সীমিত করে, তা এতোদ্বারা অব্যাহত রাখা হল ততক্ষণ এবং যদি না পরে তা সংশোধিত বা প্রসারিত হয় একটি ভবিষ্যতের নির্বাহী আদেশ দ্বারা, এই শর্তে যে:
    - 26 জুন, 2020 তারিখ থেকে কার্যকর, অপরিহার্য নয় এমন ব্যবসা বা অন্যান্য সত্বাগুলিতে সশরীরে কাজ করা কর্মীবল হ্রাস এবং সীমিত করা আর চতুর্থ পর্যায়ের শিল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে না, যা স্বাস্থ্য দপ্তর (Department of Health) কর্তৃক নির্ধারিত হয়েছে, যোগ্য অঞ্চলগুলিতে, যার মধ্যে রয়েছে:
        - উচ্চ শিক্ষা;
        - চলচ্চিত্র ও সঙ্গীত প্রযোজনা;
        - স্বল্প ঝুঁকির আভ্যন্তরীণ শিল্প ও বিনোদন; এবং
        - স্বল্প ঝুঁকির বহিরঙ্গনের শিল্প ও বিনোদন; এবং
        - ভক্তদের ছাড়া পেশাদার খেলাধুলা।
    - ফেজ থ্রিতে খোলা ব্যবসা বা সত্বাগুলিকে অবশ্যই স্বাস্থ্য দপ্তরের (Department of Health) প্রণীত নির্দেশনা অনুযায়ী পরিচালনা করতে হবে।
    - 26 জুন 2020 তারিখের হিসেবে, যে অঞ্চলগুলো ফেজ থ্রি পুনরায় খোলার জন্য প্রয়োজনীয় নির্ধারিত জনস্বাস্থ্য ও নিরাপত্তার মেট্রিক্স পূরণ করছে, সেগুলি হল: ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহাক ভ্যালি, সাউদার্ন টায়ার এবং নর্থ কান্ট্রি। কোন অতিরিক্ত অঞ্চল যা এই তারিখের পরে এই মানদণ্ড পূরণ করবে সেগুলিকে আরও অতিরিক্ত পুনর্বিবেচনা ছাড়াই এই নির্বাহী আদেশের অন্তর্ভুক্ত বলে বিবেচনা করা হবে এবং একই শর্তাবলীর সাপেক্ষে চতুর্থ পর্যায়ের শিল্পগুলি পুনরায় খোলার অনুমতি দেওয়া হবে।
    - প্রথম পর্যায়, দ্বিতীয় পর্যায়, তৃতীয় পর্যায় বা চতুর্থ পর্যায়ে খোলার অনুমতি প্রাপ্ত যে কোন শিল্প, ব্যবসা বা ফেসিলিটির যা কোন পূর্ববর্তী নির্দেশিকার দ্বারা সীমিত করা হয়েছিল তা এতদ্বারা অতিক্রম করা হল, শুধু সেই পরিসর অবধি যা কোন নির্বাহী আদেশের সাথে অসামঞ্জস্যপূর্ণ যা ব্যবসা, শিল্প এবং ফেসিলিটিগুলিকে পুনরায় খোলার অনুমতি দেয়।

- ঐচ্ছিক সার্জারি সম্পর্কিত নির্বাহী আদেশ 202.44 এর নির্দেশিকা এতদ্বারা সংশোধন করা হয় যাতে নির্বাহী আদেশ 202.10 এর নির্দেশিকা যা স্বাস্থ্য কমিশনারকে সকল সাধারণ হাসপাতাল, অ্যাম্বুলেটরি সার্জারি সেন্টার, অফিস ভিত্তিক সার্জারি অনুশীলন এবং ডায়াগনস্টিক এবং চিকিৎসা কেন্দ্রগুলিকে রোগীদের জন্য উপলব্ধ শয্যার সংখ্যা বৃদ্ধি করতে নির্দেশ করার অনুমোদিত করে, এতদ্বারা সংশোধন করা হয়, যার অধীনে সাধারণ হাসপাতালগুলি ঐচ্ছিক সার্জারি সম্পাদন করতে অনুমোদিত যতক্ষন বর্তমানে প্রতিষ্ঠানের মানদণ্ডগুলি যথাযথভাবে মেনে চলা হচ্ছে, নির্দেশিকা দ্বারা নির্ধারিত তারিখে সেই মানদণ্ডগুলি মানা হয়েছিল কিনা তা নির্বিশেষে, এবং যেমন স্বাস্থ্য নির্দেশিকা বিভাগ দ্বারা 14 ই জুনে সংশোধিত।

- স্টেটব্যাপী স্কুল বন্ধের সাথে সম্পর্কিত কার্যনির্বাহী আদেশ 202.34 যা কার্যনির্বাহী আদেশ 202.28, 202.18, 202.14 এবং 202.4-এ থাকা নির্দেশনাকে সম্প্রসারণ করে ও কার্যনির্বাহী আদেশ 202.11 দ্বারা সংশোধিত, তা এতদ্বারা সকল স্কুল সশরীরে প্রশিক্ষণ দেওয়ার ক্ষেত্রে বন্ধ রাখাকে অব্যাহত রাখবে, শুধু বিশেষ শিক্ষা পরিষেবার উদ্দেশ্য ব্যাতিরেকে। অপরিহার্য কর্মীদের শিশুদের পরিচর্যা উপর জোর দেওয়া সহ স্কুল ডিস্ট্রিক্টগুলোকে অবশ্যই খাবারের প্রাপ্যতা, ও শিশু পরিচর্যার উপলভ্যতা নিশ্চিত করতে হবে। একটি বিকল্প সত্তা দ্বারা খাবার সরবরাহ করা যেতে পারে, এই শর্তে যে স্কুল জেলা সকল শিশুদের বিনামূল্যে খাবারের প্রাপ্তি নিশ্চিত করার জন্য দায়ী থাকে। যদি শিক্ষার্থীদের একটি বিকল্প সত্তার মাধ্যমে অ্যাক্সেস না থাকে, তাহলে স্কুল জেলাকে অবশ্যই খাবার সরবরাহ করতে হবে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের প্রিভি সীল সহ

অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের

জুন মাসের ছাব্বিশতম দিনে এটি প্রদান

করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব